Dr. Ratna Ghosh　　P. G.
Sem - II
Paper - 203 , Unit - II

classmate
Date 18/04/2020
Page 1

Q. What was the impact of Civil War in spain? Marks - 4

উঃ স্পেনের আভ্যন্তরীণ ক্ষেত্রে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে স্পেনের গৃহযুদ্ধের প্রভাব ছিল সুদূরপ্রসারী।

প্রথমত: জেনারেল ফ্রাঙ্কোর একনায়কত্বের ফলে স্পেনে প্রতিক্রিয়াশীলতার জয় ঘোষিত হয়। অভিজাত ও যাজকেরা তাদের সম্পত্তি ও ক্ষমতা ফিরে পায়। সমস্ত প্রকার উদারনৈতিক আন্দোলন নিষিদ্ধ করা হয়। সাম্যবাদ ও উদারনৈতিকতাকে কঠোর হাতে দমন করা হয়। ক্যাথলিক চার্চ যথারীতি বিশেষ সুবিধা লাভ করে।

দ্বিতীয়ত: জেনারেল ফ্রাঙ্কোর সাফল্য হিটলার ও মুসোলিনীর জয় ঘোষণা করে। তার ফলে ফ্রান্স ইংল্যান্ড ও আমেরিকার মর্যাদা যথেষ্ট হ্রাস পায়। তারা কমিউনিজম (সাম্যবাদ) বিরোধিতার নামে ফ্রান্স ইংল্যান্ড ও আমেরিকার কার্যত ঔদাসীন্য দেখান হয়। সাম্রাজ্যবাদী জার্মানির ভয়ে ভীত ইঙ্গ-ফরাসী সরকার স্পেনের প্রজাতন্ত্রকে বর্জন করে হিটলার ও মুসোলিনীকে সন্তুষ্ট করতে আগ্রহী হয়। ফলে ফ্রাঙ্কো খুব সহজেই ক্ষমতা দখল করতে পারেন। স্পেনে একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হওয়ার ফলে হিটলার ও মুসোলিনীর মৈত্রী সুদৃঢ় হয়ে উঠে।

তৃতীয়ত: এই গৃহযুদ্ধের ফলে ফ্রান্সের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা দেখা দেয়। সীমান্ত অঞ্চলে একটি ফ্যাসিস্ট শক্তির উত্থান ফ্রান্সকে বিব্রত করে তোলে। ইতালিও এই যুদ্ধে সামরিক ও আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হয়। তবে সর্বাধিক লাভবান হয় জার্মানি। ইতালি তার তাবেদারে পরিণত হয়। গণতান্ত্রিক শক্তির দুর্বলতা জার্মানির আগ্রাসনের পথ প্রশস্ত করে।

x —— x

Q. Write a short note on the principles of Fascism. Marks - 4

উ: ফ্যাসিবাদ সমাজতন্ত্রবাদের ন্যায় কোন গভীর সামাজিক দর্শন ছিল না। এই মতবাদ ছিল বেনিটো মুসোলিনী এবং তার দার্শনিক বন্ধু জিওভানি জেনটিলের মস্তিষ্ক প্রসূত তত্ত্ব। সমাজতন্ত্রবাদ বা গণতন্ত্রবাদ যে রূপে ইতিহাসের নিয়মে ঐতিহাসিক ভাবধারা রূপে আত্মপ্রকাশ করে, ফ্যাসিবাদের উত্থানের পশ্চাতে এইরূপ কোন ঐতিহাসিক পটভূমিকা ছিল না। ফ্যাসিবাদ ছিল আসলে ইতালির সামাজিক অবক্ষয়ের যুগের একটি রাজনৈতিক ব্যভিচার। প্রথম বিশ্বযুদ্ধের পর ইতালিয়দের চিন্তা বৈকল্য, রাজনৈতিক দলাদলি এবং

অর্থনৈতিক দুরবস্থা ও বেকারত্বের জেরেই সংকট মিলনেই ফ্যাসিবাদের আবির্ভাব হয়।

ফ্যাসিবাদের মূল কথা হল রাষ্ট্র হল প্রধান ব্যক্তির ঊর্ধ্বে প্রতিষ্ঠিত হবে এবং রাষ্ট্রের দলের হাতে ক্ষমতা থাকবে। গণতন্ত্র, ব্যক্তিস্বাধীনতা প্রভৃতি গণতান্ত্রিক ধ্যানধারণা ফ্যাসিবাদ সম্পূর্ণ অবজ্ঞা করেছে। মুসোলিনী বলেন যে রাষ্ট্রই হল সবকিছুর ঊর্ধ্বে, ব্যক্তির উন্নয়ন - পতন রাষ্ট্রের কোন সম্ভাবনাতে হয় নি। রাষ্ট্রের বাইরে ব্যক্তির কোন আলাদা অস্তিত্ব নেই। মুসোলিনীর বক্তব্য ছিল এক দল, দর্শন ও বন্দুকের সাহায্যে ক্ষমতার দখল নিয়েছিল। গণতন্ত্র ও উদারতন্ত্র প্রভৃতি ভাবধারাকে ফ্যাসিবাদ সামাজিক বিশৃঙ্খলার কারণ বলে মনে করেছিল।

ফ্যাসিবাদ ব্যক্তি স্বাধীনতাকে অস্বীকার করে রাষ্ট্রের ক্ষমতাকে চূড়ান্ত বলে মনে করেছে। যেখানে দেশ ছিল সর্বশক্তিমান। রাষ্ট্রই হল শেষ কথা। ব্যক্তি রাষ্ট্রের প্রয়োজনে কাজ করতে বাধ্য। এর বাইরে তার কোন অস্তিত্ব নেই। মুসোলিনী বলেছিলেন প্রতি নাগরিকের পবিত্র কর্তব্য। মুসোলিনীদের অর্থই ছিল রাষ্ট্রপ্রতিষ্ঠা। সুতরাং অন্যায় - অত্যাচারের বিরুদ্ধে ফ্যাসিবাদে নাগরিকদের প্রতিবাদের অধিকার ছিল না। সংবাদপত্রের স্বাধীনতা, মত প্রকাশের স্বাধীনতা ফ্যাসিবাদ স্বীকার করত না। ফ্যাসিবাদের মন্ত্র ছিল - শক্তি, সাহস আত্মত্যাগ। 'যুদ্ধ ও জয়' - এই নতুন মূল্যবোধেই ফ্যাসিবাদ

সমাজতন্ত্রবাদের বিরোধী হয়। উপরন্তু ফ্যাসিবাদ বিজ্ঞান অপেক্ষা বেশি স্বজ্ঞাবাদী ছিলেন অতীন্দ্রিয়বাদী। একারণে ফ্যাসিবাদে যুক্তি-বুদ্ধির প্রসার নেই।

Benedetto Croce বলেন দার্শনিকের মতে - একটি উদ্ভট কাপড়ের মিশ্রণ যেমন বিভিন্ন রং-রং কাপড়ের টুকরো জুড়ে তৈরি করা হয় — তেমনি ফ্যাসিবাদ ছিল বহু বহু উপাদানের সমষ্টি বা একটি বিচিত্রধর্মী সংস্কৃতি গঠনের সমস্ত সম্ভাবনার প্রয়াস। এতে কোনো যৌক্তিকতা ছিল না। ফ্যাসিবাদের অর্থনৈতিক উদ্দেশ্য ছিল খুব অস্পষ্ট অসামঞ্জস্যপূর্ণ।

—X—

Q. What is Nazism? Marks - 2

উঃ হিটলারের নেতৃত্বে জার্মানিতে নাৎসিবাদের প্রতিষ্ঠা হয়েছিল। তাঁর রচিত 'Mein Kampf' গ্রন্থটি নাৎসি বাইবেল নামে খ্যাত। এই মতবাদে একনায়কতন্ত্রের প্রতিষ্ঠা, জার্মান জাতির শ্রেষ্ঠত্ব, বৃহত্তর জার্মান রাষ্ট্র গঠন, ইহুদি বিতাড়ন, সাম্যবাদের বিরোধিতা ইত্যাদি মূল কর্মসূচী হিসাবে ঘোষিত হয়েছিল।

Q. How did the world war ii begin and when? Marks - 2

উ: ১৯৩৯ খ্রিঃ ১লা সেপ্টেম্বর হিটলারের পোল্যান্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়। পূর্ব প্রতিশ্রুতি অনুসারে ব্রিটেন ও ফ্রান্স পোল্যান্ডের পক্ষ অবলম্বন করে। এভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগমন ঘটে। বিশ্ব রাজ-নীতিতে জোটবদ্ধতার পরিবেশের সৃষ্টি হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে এক পক্ষে ছিল ইংল্যান্ড, ফ্রান্স, আমেরিকা প্রভৃতি দেশকে নিয়ে গঠিত মিত্রপক্ষ এবং অপরপক্ষে ছিল জার্মানি, জাপান, ইতালি প্রভৃতি দেশকে নিয়ে গঠিত অক্ষশক্তিজোট।

Q. Who wrote 'Mein Kampf'? What was the main content of the book? Marks-2

উ: হিটলার 'Mein Kampf' রচনা করেন। এটি একটি আত্মজীবনীমূলক গ্রন্থ। এই গ্রন্থে নাৎসি দলের আদর্শ কর্মসূচিগুলি ঘোষিত হয়। তৃতীয় জার্মান সাম্রাজ্যের প্রতিষ্ঠা, জার্মান জাতির শ্রেষ্ঠত্ব এবং বিশ্ব শাসন করার অধিকার জার্মানদের প্রভৃতি ছিল এই পুস্তকের মূল বিষয়বস্তু। এটি নাৎসি দলের ধর্মগ্রন্থ স্বরূপ গণ্য হয়।

Q. What do you understand by Weimar Republic ? Marks - 2

U: ১৯১৮ খ্রি: জার্মানির সম্রাট কাইজার সিংহাসন ত্যাগ করেন। তিনি সেই মুহূর্তে সমাজতন্ত্রী নেতা ইবার্ট জার্মানিতে একটি সরকার প্রতিষ্ঠা করেন এই সরকারের প্রধান জার্মানিকে একটি প্রজাতন্ত্র বলে ঘোষণা করে। অতঃপর সংবিধান নির্মাণের উদ্দেশ্যে প্রতিনিধি নির্বাচন করা হয়। এই নির্বাচিত প্রতিনিধিদের সম্মেলনটি বার্লিন নয়, ভাইমার শহরের ভাইমার নগরীতে সংসদের অধিবেশন হলে এই নতুন প্রজাতন্ত্রের নামকরণ হয় 'ভাইমার প্রজাতন্ত্র' বা ভাইমার সাধারণতন্ত্র।

Q. When did Hitler declared himself as Führer ? Marks - 2

U: ১৯৩২ খ্রি: নির্বাচনে নাৎসি দল জার্মান পার্লামেন্টের ৬০৮ টি আসনের মধ্যে ২৩০ টি আসন দখল করে সংখ্যাগরিষ্ঠতা লাভ করে। এরপর হিন্ডেনবার্গ হিটলারকে চ্যান্সেলার নিযুক্ত করতে বাধ্য হন। এর কিছুকাল পরেই হিন্ডেনবার্গের মৃত্যু হলে হিটলার চ্যান্সেলার ও প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট - দুটি পদই গ্রহণ করেন এবং নিজেকে সর্বোচ্চ প্রধান নেতা বলে ঘোষণা করেন ১৯৩৪ খ্রি: আগস্ট মাসে।

Date
Page 7

Q. When and among whom was the treaty of Munich signed? Marks-2

উঃ জার্মানির মিউনিখ শহরে হিটলার, ব্রিটেনের প্রধানমন্ত্রী চেম্বারলেন, ফরাসী প্রধানমন্ত্রী দালাদিয়ের ও ইতালীর মুসোলিনীর সহিত এক বৈঠক হয়। এখানে ১৯৩৮ খ্রিঃ সেপ্টেম্বরে মিউনিখ চুক্তি নামে একটি দলিল স্বাক্ষরিত হয়। মিউনিখ চুক্তি অনুসারে চেকোশ্লোভাকিয়ার সুদেতান অঞ্চলটি নিয়ে এক বিস্তীর্ণ অঞ্চল জার্মানির অধিকৃত হয়।

Q. Which circumstances helped Hitler to gain power in Germany? Marks-2

উঃ ১৯২৯ সালের বিশ্ব অর্থনৈতিক বিপর্যয়ের ফলে জার্মানির অর্থনৈতিক সংকটের সময় হিটলার ও তার নাৎসি দল ক্ষমতা দখল করে। ভার্সাই চুক্তির প্রতি জার্মানদের বিদ্বেষ, ফরাসী সরকার কর্তৃক রুঢ় দখল এবং নিজ সাংস্কৃতিক জাতি গোষ্ঠীর উপর অবিচারের বিরুদ্ধে জার্মানিতে যে বিদ্বেষের সৃষ্টি হয়েছিল - নাৎসিদল ও তাদের নেতা হিটলার তার পূর্ণ সুযোগ গ্রহণ করে ক্ষমতা দখলেও সমর্থ হয়েছিলেন।

Page 8

Q. How did Mussolini establish dictatorship in Italy? Marks. 2

উ: [illegible]

Q. Briefly discuss Chamberlain's policy of appeasement towards Germany.
Marks - 2

উ: [illegible]